# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 08 July, 2025

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, “সময় তো ভালো যাচ্ছে না এখন, অনেকেই অনেক কথা বলছেন।” তবে এই সময়ও কাটবে এবং সামনে ভালো সময় আসবে বলে আশাবাদ প্রকাশ করেছেন প্রবীণ এই রাজনীতিবিদ।

মঙ্গলবার (৮ জুলাই) সন্ধ্যায় বাংলা একাডেমিতে আয়োজিত ‘সিভিল ডিসকোর্স ন্যাশনালস-২০২৫’ শীর্ষক বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।এই অনুষ্ঠানের আয়োজন করে দ্য বাংলাদেশ ডায়ালগ (টিবিডি)।

তিনি বলেন, “অনেকেই মন খারাপ করছেন।আমি সব সময় আশাবাদী মানুষ।বয়স আমার অনেক, কিন্তু আমি এখনো বিশ্বাস করি–এখান থেকে ভালো সময় আসবে।”

তরুণদের দেশ গঠনে ভূমিকার কথা তুলে ধরে বিএনপি মহাসচিব বলেন, “আমাদের তরুণেরা আমাদের চেয়েও যোগ্য হয়ে উঠছে।তারা ভবিষ্যতে আরও বড় ভূমিকা রাখবে।বিতর্ক, মতের অমিল থাকবেই–এটাই গণতন্ত্রের সৌন্দর্য।”

জেনারেশন গ্যাপের কথা উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, “তরুণদের বুঝতে সময় লাগে, আবার তারাও আমাদের বুঝতে দেরি করে। ঢাকার চিন্তাভাবনা আর ঠাকুরগাঁওয়ের চিন্তা এক নয়।এই দূরত্ব কমাতে না পারলে আমরা কাঙ্ক্ষিত শক্তি তৈরি করতে পারব না।”

অনুষ্ঠানে বক্তৃতার সময় “মাননীয়” শব্দ ব্যবহারের বিরুদ্ধে আপত্তি জানিয়ে বলেন, “আমার মনে হয়, এই ‘মাননীয়’ শব্দ থেকেই স্বৈরতান্ত্রিক মনোভাব তৈরি হয়।আমাদের দেশে কেউ মন্ত্রী হলেই আচরণ বদলে যায়, যা ধীরে ধীরে একনায়কতন্ত্রে রূপ নেয়।”

অনুষ্ঠানে আরও বক্তব্য দেন ঢাকা কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ কে এম ইলিয়াস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মো. নাজমুজ্জামান ভুঁইয়া, আইনজীবী রাশনা ইমাম, অ্যাডকম লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক নাজিম ফারহান চৌধুরী প্রমুখ।সঞ্চালনায় ছিলেন টিবিডির পরিচালক সাইফ রুবাব।

অনুষ্ঠানে অংশ নেওয়া তরুণ বিতার্কিকরা বলেন, এমন আয়োজন তাদের মত প্রকাশ ও যুক্তির মাধ্যমে সমাজকে চিন্তা করতে শেখায়।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:04

URL: https://timestodaybd.com/public/national/7758074472